জেলা সমবায় দপ্তর, সাতক্ষীরা।
ডাইরী নং- ১৮২০
তারিখ- ২৭/০৮/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা - ১২০৭

(একই স্মারকে প্রতিস্থাপিত)

স্মারক নং ঃ ৪৭.০৬১.০০০০.০৪৭.২৫.০০৭.০৩-(৪র্থ অংশ)/২০১(৮০)

তারিখঃ ২২/০৮/২০১৯ খ্রিঃ।

বিষয় ঃ ভ্রাম্যমান ও আইজিএ প্রশিক্ষণ বিষয়ক নির্দেশনা।

নিজেদের আর্থ সামাজিক উন্নয়নে একই উদ্দেশ্যে সমষ্টিগতভাবে কোন কাজ করাই সমবায়। আর এই সমবায়ের সদস্যদের দক্ষ জনগোষ্ঠি হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সমবায় সমিতির সদস্যগণ সমবায় সমিতি আইন ও বিধিমালা সম্পর্কে ধারণা অর্জন করে সমবায় ভিত্তিক উন্নয়ন কর্মকান্ডের সাথে নিজেকে সম্পৃক্ত করতে পারে সে লক্ষ্যেই এই প্রশিক্ষণ। এ লক্ষ্যকে সামনে রেখে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ সকল বিষয়গুলো বিবেচনা করে প্রশিক্ষণ কর্মসূচী সফল করার জন্য নিম্নবর্ণিত বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য পরামর্শ দেয়া হল-

**প্রশিক্ষণের বিষয়সমূহ ঃ**

**১.সমবায় সংক্রান্ত**

ক) সমবায় কী এবং কেন সমবায় করবেন?
খ) সমবায় সমিতির মূলধন গঠন ও বিনিয়োগের বিষয়ে আলোচনা।
খ) সমবায় সমিতির রেকর্ড সংরক্ষণ, হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদনে সমিতি কর্তৃপক্ষের দায়িত্ব।
গ) সমিতির নির্বাচন অনুষ্ঠান এবং সাধারণ সদস্যদের অধিকার ও কর্তব্য সম্পর্কে ধারণা প্রদান।
ঘ) বিবাদ নিস্পত্তি ও মানি লন্ডারিং আইন সম্পর্কে ধারণা প্রদান।

**২. কৃষি/মৎস্য/প্রাণী সম্পদ বিষয়ক সংক্রান্ত**

ক) কৃষি/মৎস/প্রাণী সম্পদ বিষয়ে বিস্তারিত বর্ণনা
খ) কৃষি/মৎস/প্রাণী সম্পদ বিষয়ে সফলতার কৌশল বিষয়ক আলোচনা।
গ) উপরোক্ত সকল বিষয়ের সেবা গ্রহণ প্রদান প্রক্রিয়ার বর্ণনা।
ঘ) সমস্যা সমাধানের কৌশল।
ঙ) খামার তৈরির কর্মকৌশল বর্ণনা

**৩. সরকারি গৃহীত গুরুত্বপূর্ণ বিষয় সংক্রান্ত**

ক) সরকারের SDG অর্জনে সমবায়ের ভূমিকা বিষয়ক আলোচনা।
খ) নারীর ক্ষমতায়ন বিষয়ক আলোচনা।

**৪. সরকারের সেবামূলক দপ্তরের সেবা সংক্রান্ত**

ক) মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আত্মকর্মসংস্থান সৃষ্টি বিষয়ক ধারণা প্রদান।
খ) হাঁস মুরগী, গরু ছাগল ও গৃহপালিত অন্যান্য পশু লালন-পালনের মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের আয় বৃদ্ধিকরণ।
গ) আধুনিক কৃষি উপকরণ যেমন সার, বীজ, কীটনাশক ইত্যাদির সুষ্ঠু ব্যবহার বিষয়ক ধারণা ও বাড়ির আঙিনায় শাক-সবজি, ফলমূল চাষ করে আয় বৃদ্ধিকরণ।
ঘ) ইলেকট্রনিক ও হার্ড ওয়ারিং, ফ্রিল্যান্সিং, কম্পিউটার, মোবাইল সার্ভিসিং, মোবাইল এ্যাপস তৈরী

বিঃদ্রঃ চাহিদাভিত্তিক প্রশিক্ষণ অর্থাৎ জেলা/ উপজেলার সমবায়ীবৃন্দের যে বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন সেই বিষয় চাহিদার ভিত্তিতে যে কোন ১(একটি) বিষয়ের উপর ৫ দিন ব্যাপী কোর্সের ক্ষেত্রে ১৫ টি সেশন ও ১ দিন ব্যাপী ভ্রাম্যমান কোর্সের ক্ষেত্রে ৩ টি সেশন অনুষ্ঠিত হবে।

## প্রশিক্ষণ ব্যয় বিভাজন

উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসঃ

১ দিন ব্যাপী ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ব্যয় প্রাক্কলনঃ

| ক্রঃনং | প্রশিক্ষণ উপকরণ | একক | এককমূল্য | পরিমাণ | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ১. | খাতা | ০১ | ১০/- | ২৫ | ২৫০/- |
| ২. | কলম | ০১ | ৫/- | ২৫ | ১২৫/- |
| ৩. | ফোল্ডার | ০১ | ২০/- | ২৫ | ৫০০/- |
| ৪. | ব্যানার | ০১ | ৫০০/- | ০১ | ৫০০/- |
| ৫. | দুপুরের খাবার | ০১ | ১৫০/- | ২৫ | ৩৭৫০/- |
| ৬ | প্রশিক্ষণ ভাতা | ০১ | ২০০/- | ২৫ | ৫,০০০/- |
| ৭. | বক্তা/অতিথি বক্তার সম্মানী ভাতা | ০১ | ১০০০/- | ০৩ | ৩০০০/- |
| ৮. | কোর্সপরিচালক (পরিদর্শক/প্রশিক্ষক) | ০১ | ৫০০/- | ০১ | ৫০০/- |
| ৯. | সহকারী কোর্স পরিচালক (সহঃপরিদর্শক/সহঃপ্রশিক্ষক) | ০১ | ৪০০/- | ০১ | ৪০০/- |
| ১০. | বিবিধ | - | - | - | ৯৭৫/- |
| | সর্বমোট | | | | ১৫,০০০/- |

(পনের হাজার টাকা)।

জেলা সমবায় অফিসঃ

স্থানীয় চাহিদা ভিত্তিতে ৫ দিন ব্যাপী আইজিএ (IGA) প্রশিক্ষণ ব্যয় প্রাক্কলনঃ

| ক্রঃনং | প্রশিক্ষণ উপকরণ | একক | এককমূল্য | পরিমান | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ১. | খাতা | ০১ | ১০/- | ২৫ | ২৫০/- |
| ২. | কলম | ০১ | ৫/- | ২৫ | ১২৫/- |
| ৩. | ফোল্ডার | ০১ | ২০/- | ২৫ | ৫০০/- |
| ৪. | ব্যানার | ০১ | ১০০০/- | ০১ | ১০০০/- |
| ৫. | সকালের নাস্তা ও দুপুরের খাবার | ০১ | ২০০/- | ২৫ | ২৫০০০/- |
| ৬ | প্রশিক্ষণ ভাতা | ০১ | ১৫০/- | ২৫ | ১৮,৭৫০/- |
| ৭. | বক্তা/অতিথি বক্তার সম্মানী ভাতা | ০১ | ১০০০/- | ১৫ | ১৫০০০/- |
| ৮. | কোর্স পরিচালক (পরিদর্শক/প্রশিক্ষক) | ০১ | ১০০০/- | ০১ | ১০০০/- |
| ৯. | সহকারী কোর্স পরিচালক(সহঃপরিদর্শক/সহঃপ্রশিক্ষক) | ০১ | ৮০০/- | ০১ | ৮০০/- |
| ১০. | হলরুম ভাড়া | ০১ | ১০০০/- | ০৫ | ৫০০০/- |
| ১১. | বিবিধ | - | - | - | ২৫৭৫/- |
| | সর্বমোট | | | | ৭০,০০০/- |

(সত্তর হাজার টাকা)।

জেলা সমবায় অফিসঃ

কর্মকর্তাগণের ৬০ ঘন্টা প্রশিক্ষণ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এবং এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যেক সরকারি কর্মকর্তা ও কর্মচারীর ৬০ জন ঘন্টা ব্যাপী অভ্যন্তরীন প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক। উক্ত নির্দেশনা অনুযায়ী সমবায় অধিদপ্তরের আওতাধীন জেলা ও উপজেলা সমবায় কার্যালয়সমূহের জন্য ৬০ জন ঘন্টাব্যাপী অভ্যন্তরীন প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী রিসোর্স পারসনগন এবং প্রশিক্ষণার্থীগনের সম্মানী, আপ্যায়ন ও অন্যান্য প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি শাখা-২ এর স্মারক নং -০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৫.১৩.১১১, তারিখ ২২/০৫/২০১৯খ্রিঃ মূলে জারিকৃত পত্রানুযায়ী বাজেট প্রাপ্তি স্বাপেক্ষে নির্বাহ করা যাবে।

প্রশিক্ষণ বাস্তবায়নে নির্দেশাবলী ঃ

০১।আইজিএ (IGA) প্রশিক্ষণের মেয়াদ ৫ দিন এবং ভ্রাম্যমান প্রশিক্ষণের মেয়াদ ০১ দিন হবে। ভ্রম্যমান, আইজিএ ও ৬০ ঘন্টা প্রশিক্ষণ সমবায় সমিতির নিজস্ব কার্যালয়ে বা স্থানীয় পর্যায়ে সুবিধাজনক স্থানে আয়োজন করতে হবে। যুক্তিসংগত কারণে এর ভিন্নতা হতে পারে।

০২। প্রশিক্ষণে অংশ গ্রহণকারী হবে নূন্যতম ২৫ জন। একটি সমবায় সমিতি থেকে ৫ জনের বেশী প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করা যাবে না।

০৩। প্রতিটি উপজেলা/মেট্রো থানা সমবায় কার্যালয়ের আওতায় প্রতি অর্থ বছরে কমপক্ষে ০৪ (চার) টি ভ্রম্যমান প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

০৪। প্রতিটি প্রশিক্ষণের জন্য অংশগ্রহণকারীদের উপস্থিতি তালিকা এ দপ্তরের স্মারক নং ১২১-বাজেট; তারিখ: ০১/০৬/২০১৪ মূলে প্রেরিত ছক অনুযায়ী প্রস্তুত করতে হবে। প্রতিমাসের প্রশিক্ষণ বিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে উপ-নিবন্ধক (ইপি), সমবায় অধিদপ্তর, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে।

০৫। বছর শেষে জেলা সমবায় কর্মকর্তা সংশ্লিষ্ট জেলার ভ্রাম্যমাণ প্রশিক্ষণ মূল্যায়নের উপর বাৎসরিক একটি প্রতিবেদন অবশ্যই সমবায় অধিদপ্তরে প্রেরণ করবেন।

০৬। প্রতিটি প্রশিক্ষণের ছবি প্রশিক্ষণ বিবরণীর সাথে প্রেরণ করতে হবে যা পরবর্তীতে সমবায় বিষয়ক পত্র-পত্রিকা বা অন্য প্রকাশনায় ব্যবহার করা হবে।

০৭। স্থানীয় প্রশাসন, সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা এবং যে কোন সফল সমবায়ী (যদি থাকে) অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ করা যেতে পারে।

০৮। প্রশিক্ষণের জন্য অভিন্ন কলম, ফোল্ডার ও লিফলেট সরবরাহ করতে হবে;

০৯। সমবায় অধিদপ্তর কর্তৃক অভিন্ন ফোল্ডার, কলম, ফোল্ডার ও লিফলেটের নমুনা সরবরাহ করা হবে।

১০। ০৩ (তিন) জন অতিথি বক্তার মধ্যে সমবায় বিষয়ে অভিজ্ঞ ১ জন এবং স্থানীয় চাহিদা মাফিক ২ জন বক্তা ১ ঘণ্টা করে আলোচনা করবেন।

১১। সমবায় সংক্রান্ত টিউটরিয়াল ভিডিও ও ডকুমেন্টারী প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

১২। জেলা সমবায় অফিসার প্রতি উপজেলায় সর্বোচ্চ একটি ভ্রাম্যমান প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে অংশগ্রহণ করবেন এবং উপজেলা সমবায় কর্মকর্তা প্রতি কোর্সে সর্বোচ্চ ১ টি ক্লাস নিতে পারবে।

১৩। ইতোপূর্বে আইজিএ (IGA) প্রশিক্ষণ গ্রহণ করার জন্য যে প্রশিক্ষণ তালিকা সমবায় অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে সেই তালিকা হতে মনোনয়ন দিতে হবে কিন্তু ইতোপূর্বে আইজিএ (IGA) প্রশিক্ষণ কোর্সে যারা অংশগ্রহণ করেছেন তাদেরকে মনোনয়ন দেয়া যাবে না।

১৪। কোর্স পরিচালক ও সহকারী কোর্স পরিচালক নির্ধারণের ক্ষেত্রে যে জেলা/উপজেলায় প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক নেই, সে জেলা/উপজেলায় দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি কোর্স পরিচালক ও সহকারী কোর্স পরিচালক হবেন।

(মোঃ আমিনুল ইসলাম)
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

জেলা সমবায় অফিসার,
................................ ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

০১। অতিরিক্ত নিবন্ধক (ইপিপি)/(প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় (সকল), ...................... । — তাঁর অধীনস্থ দপ্তর সমূহের প্রশিক্ষণ কার্যক্রম তদারকীর অনুরোধসহ

স্মারক নং- ২২৭২(৭)
তারিখঃ ০৭/১১/১৭ খ্রিঃ

জ্ঞাতার্থে ও কার্যার্থে পৃষ্ঠালিপি প্রেরণ করা হলো।

০১। উপজেলা সমবায় অফিসার, সাতক্ষীরা সদর/ কলারোয়া/ তালা/ আশাশুনি/ দেবহাটা/ কালিগঞ্জ ও শ্যামনগর, সাতক্ষীরা।

জেলা সমবায় অফিসার (ভারপ্রাপ্ত)
সাতক্ষীরা।